

আল-কাসাস | Al-Qasas | ٱلْقَصِيَصِ

আয়াতঃ ২৮:৩

💵 আরবি মূল আয়াত:

نَتُلُوا عَلَيكَ مِن نَّبَا مُوسَى وَ فِرعَونَ بِالحَقِّ لِقَومِ يُّؤمِنُونَ ﴿٣﴾

আমি তোমার কাছে পাঠ করছি মূসা ও ফির'আউনের কিছু বৃত্তান্ত যথাযথভাবে, এমন লোকদের জন্য যারা ঈমান আনে। — আল-বায়ান

আমি মূসা ও ফিরআউনের কাহিনী হতে কিছু তোমার কাছে সত্যিকারভাবে বিবৃত করছি বিশ্বাসী সম্প্রদায়ের উদ্দেশে। — তাইসিরুল

আমি তোমার নিকট মূসা ও ফির'আউনের কিছু বৃত্তান্ত যথাযথভাবে বিবৃত করছি, মু'মিন সম্প্রদায়ের উদ্দেশে। — মুজিবুর রহমান

We recite to you from the news of Moses and Pharaoh in truth for a people who believe. — Sahih International

- ৩. আমরা আপনার কাছে মূসা ও ফিরআউনের কিছু বৃত্তান্ত যথাযথভাবে বিবৃত করছি(১), এমন সম্প্রদায়ের উদ্দেশ্যে যারা ঈমান আনে।(২)
 - (১) তুলনামূলক অধ্যায়নের জন্য দেখুন: সূরা আল বাকারাহঃ ৬০-৭২, সূরা আল-আরাফঃ ১০৩-১৭৪, সূরা ইউনুসঃ ৭৫-৯২, সূরা হুদঃ ৯৬-১১০, সূরা আল-ইসরা ১০১-১০৪, সূরা মারয়মঃ ৫১-৫২, সূরা ত্বা-হাঃ ৯-৯৯, সূরা আল মুমিনুনঃ ৪৫-৫০, সূরা আশ শু'আরাঃ ১০-৬৮, সূরা আন নামলঃ ৭-১৪, সূরা আল-আনকাবৃতঃ ৩৯-৪০,সূরা আল-গাফিরঃ ২৩-৪৬, সূরা আয যুখরুফঃ ৪৬-৫৬, সূরা আদ দুখানঃ ১৭-৩৩, সূরা আয যারিয়াতঃ ৩৮-৪০ এবং সূরা আন-নাযিআতঃ ১৫-২৬ আয়াতসমূহ।
 - (২) অর্থাৎ যারা কথা মেনে নিতে প্রস্তুত নয় তাদেরকে কথা শুনানো তো অর্থহীন। তাই যারা মনের দুয়ারে একগুয়েমীর তালা বুলিয়ে রাখে না, এ আলোচনায় সেই মুমিনদেরকেই সম্বোধন করা হয়েছে। [দেখুন: ফাতহুল কাদীর]

তাফসীরে জাকারিয়া

(৩) আমি তোমার নিকট বিশ্বাসী সম্প্রদায়ের উদ্দেশ্যে মূসা ও ফিরআউনের বৃত্তান্ত যথাযথভাবে বিবৃত করছি। [1]



[1] মূসা (আঃ)-এর বৃত্তান্ত-বিবরণ এই কথারই প্রমাণ করে যে, মুহাম্মাদ (সাঃ) ছিলেন আল্লাহর সত্য রসূল। কারণ, আল্লাহর অহী ছাড়া বহু শতাব্দী পূর্বের ঘটনা হুবহু যেরূপ ঘটেছিল সেরূপ বর্ণনা করা অসম্ভব। তা সত্ত্বেও এর দ্বারা উপকার ঈমানদার ব্যক্তিদেরই হবে। কারণ, তারাই নবী (সাঃ)-এর কথা বিশ্বাস করবে।

তাফসীরে আহসানুল বায়ান

Source — https://www.hadithbd.com/quran/link/?id=3255

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন